# জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

## ড্রিলিং রিগ ভাড়ার নীতিমালা (এপ্রিল, ২০১৫)

১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কাজে নিয়োজিত ঠিকাদার/প্রতিষ্ঠানকে ড্রিলিং রিগ ভাড়া দেয়ার জন্য অগ্রাধিকার দেয়া হবে। এছাড়াও অত্র দপ্তর ভিন্ন অন্য সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিকট তাদের দপ্তর প্রধান/উপযুক্ত কর্তৃপক্ষের লিখিত পত্র/সুপারিশ অনুযায়ী অত্র অধিদপ্তরের প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী-র অনুমতি সাপেক্ষে ভাড়া প্রদান করা যেতে পারে।

২। দপ্তরীয় কার্যের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলীর সুপারিশকৃত আবেদন পেশ করতে হবে।

৩। রিগ ভাড়া নেয়ার ক্ষেত্রে ঠিকাদার/প্রতিষ্ঠান প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র (ওয়ার্ক অর্ডার ও ডিজাইনসহ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যান্ত্রিক ও বৈদ্যুতিক বিভাগে প্রেরণ করবেন। অতঃপর তা অনুমোদনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রাউন্ড ওয়াটার সার্কেল বরাবরে প্রেরণ করা হবে।

৪। রিগ ভাড়া নেয়া সংক্রান্ত প্রয়োজনীয় অনুমোদন ও চুক্তিপত্র স্বাক্ষরের পর চালু অবস্থায় ড্রিলিং রিগ ও আনুষঙ্গিক যন্ত্রপাতি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যান্ত্রিক ও বৈদ্যুতিক বিভাগ হতে গেইট পাশের মাধ্যমে ইস্যু করা হবে এবং কার্য শেষে সংশ্লিষ্ট প্রতিনিধির উপস্থিতিতে তা চালু অবস্থায় পূণরায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যান্ত্রিক ও বৈদ্যুতিক বিভাগে ফেরৎ নেয়া হবে অথবা যান্ত্রিক ও বৈদ্যুতিক বিভাগ এর নির্বাহী প্রকৌশলীর নির্দেশে অন্য ঠিকাদার/প্রতিষ্ঠানের নিকট অথবা অধিদপ্তরের অন্য কোন কার্যালয়/কর্মকর্তার নিকট হস্তান্তর করতে হবে।

৫। (ক) ঠিকাদার/প্রতিষ্ঠান কর্তৃক রিগ ভাড়া নেয়ার ক্ষেত্রে উৎপাদক নলকূপ খননের জন্য আসা-যাওয়ার পরিবহন সময় (খ-এ বর্ণিত) বাদে প্রতি পঞ্জিকা দিবসের জন্য বড় রিগের ক্ষেত্রে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং ছোট রিগের ক্ষেত্রে ৬,০০০/- (ছয় হাজার) টাকা ভাড়া প্রদান করতে হবে।

(খ) রিগ ভাড়া নেয়ার পর সর্বোচ্চ ০২ দিন এবং রিগ ব্যবহারের সময় অতিক্রান্তের পর সর্বোচ্চ ০২ দিন পরিবহন কাল হিসাবে গণ্য হবে - যার জন্য কোন ভাড়া প্রযোজ্য হবে না। তাছাড়া, রিগের সাথে কম্প্রেসার মেশিন ভাড়ার ক্ষেত্রে প্রতি পঞ্জিকা দিবসের জন্য ৩০০/- (তিনশত) টাকা ভাড়া প্রদান করতে হবে।

৬। উৎপাদক নলকূপ খননের ক্ষেত্রে রিগ মেশিন ব্যবহারের জন্য নির্ধারিত হারে অনুচ্ছেদ (৫) মোতাবেক ভাড়া প্রদান করতে হবে। নলকূপ কৃতকার্য বা অকৃতকার্য হওয়ার বিষয়টি এক্ষেত্রে বিবেনায় আনা হবে না।

৭। রিগ ভাড়া গ্রহনের জন্য যে প্রতিষ্ঠান/ঠিকাদার আগ্রহ প্রকাশ করবে সে প্রতিষ্ঠান/ঠিকাদার কর্তৃক রিগ ভাড়া নেয়ার পূর্বে বড় রিগের ক্ষেত্রে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এবং ছোট রিগের ক্ষেত্রে ১,৫০,০০০/= (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এককালীন জামানত হিসাবে নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যান্ত্রিক ও বৈদ্যুতিক বিভাগের অনুকূলে ব্যাংক ড্রাফট্/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

৮। রিগ মেশিন ও কম্প্রেসার মেশিন ভাড়া গ্রহণের পর (প্রতি ১০ পঞ্জিকা দিবস পর পর) ভাড়ার টাকা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যান্ত্রিক ও বৈদ্যুতিক বিভাগের অনুকূলে ব্যাংক ড্রাফট্/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করতে হবে। ভাড়া গ্রহণকারী প্রতিষ্ঠান যদি কোন রকম ভাড়া দিতে ব্যর্থ হয়, তবে পরবর্তী ২০ পঞ্জিকা দিবসের মধ্যে প্রদত্ত জামানতের টাকা হতে রিগ ও কম্প্রেসারের ভাড়ার টাকা সমন্বয় করা হবে। জামানতের টাকায় সাংকুলান না হলে রিগ ও অন্যান্য যন্ত্রপাতির অসমন্বিত সমুদয় ভাড়া সংশ্লিষ্ট কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী নলকূপ খননের বিল প্রদানের সময় ঠিকাদারের বিল হতে কর্তন করবেন এবং সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করে নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যান্ত্রিক ও বৈদ্যুতিক বিভাগ-কে অবহিত করবেন।

৯। (ক) রিগ ভাড়া নেয়ার পর যদি ভাড়ার সময় বর্ধিত করার প্রয়োজন পরিলক্ষিত হয়, তবে সময় শেষ হওয়ার ০৩ (তিন) পঞ্জিকা দিবস পূর্বেই সমুদয় ভাড়া পরিশোধ করে সময় বর্ধিত করণের জন্য নির্বাহী প্রকৌশলী, যান্ত্রিক ও বৈদ্যুতিক বিভাগে আবেদন করতে হবে।

(খ) কোন প্রতিষ্ঠান বর্ধিত সময়সহ সর্বমোট ০৩ মাস রিগ নিজের কাছে রাখতে পারবে। ০৩ মাস অতিক্রান্ত হওয়ার পরেও যদি ভাড়ার সময় আরো বর্ধিত করার প্রয়োজন পরিলক্ষিত হয়, তবে যথাযথ মাধ্যমে গ্রাউন্ডওয়াটার সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর বরাবরে আবেদন করতে হবে। আবেদনপত্র প্রাপ্তির পর এক্ষেত্রে অন্য কোন

প্রতিষ্ঠান/ঠিকাদার যদি রিগের জন্য আবেদন করে না থাকে তবে উক্ত আবেদন সর্বোচ্চ ১৫ দিনের জন্য বিবেচনা করা যেতে পারে। ১৫ দিন অতিক্রান্ত হলে পূণরায় অন্য আগ্রহী প্রতিষ্ঠান/ঠিকাদার আবেদন করেছে কিনা তা বিবেচনা সাপেক্ষে চুক্তি নবায়ন করা যাবে। অর্থাৎ ০৩ মাস অতিক্রান্ত হলে পরবর্তীতে সকল চুক্তি নবায়নের ক্ষেত্রে অন্য কোন প্রতিষ্ঠান/ঠিকাদারের আবেদন বিবেচনা করা হবে। অন্য কোন প্রতিষ্ঠান/ঠিকাদার আবেদন করে থাকলে সেক্ষেত্রে উক্ত চুক্তি নবায়নের কোন সুযোগ থাকবে না, আবেদনকৃত নতুন প্রতিষ্ঠানের সাথে চুক্তি করতে হবে।

১০। জরুরী বা অনিবার্য্য প্রয়োজনে কর্তৃপক্ষ কর্তৃক নোটিশ জারীর ৫(পাঁচ) পঞ্জিকা দিবসের মধ্যে ভাড়া নেয়া প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট রিগ জমা প্রদানে বাধ্য থাকবে।

১১। ড্রিলিং রিগ দ্বারা দেশের বিভিন্ন এলাকায় কঠিন স্তর ভেদে উৎপাদক নলকূপ খননের মাধ্যমে সুপেয় পানি সরবরাহ করা হয়। সে ক্ষেত্রে প্রতিটি নলকূপের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার/প্রতিষ্ঠান নলকূপের বোরিং লগ-এর একটি কপি নির্বাহী প্রকৌশলী, যান্ত্রিক ও বৈদ্যুতিক বিভাগ বরাবরে দাখিল করবেন।

১২। প্রতিটি রিগ সাইটে ১(এক) জন দপ্তরীয় সহকারী মাষ্টার ড্রিলার-কে সার্বক্ষণিক উপস্থিত থাকতে হবে। নীতিমালা মোতাবেক রিগ পরিবহন, ব্যবহার, রক্ষণাবেক্ষণ, লগবই ইত্যাদি সম্বলিত প্রতিবেদন ঠিকাদার/প্রতিষ্ঠান এবং সহকারী মাষ্টার ড্রিলার যৌথ স্বাক্ষরে নির্বাহী প্রকৌশলী, যান্ত্রিক ও বৈদ্যুতিক বিভাগ বরাবরে দাখিল করবেন।

১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যান্ত্রিক ও বৈদ্যুতিক বিভাগ হতে ড্রিলিং রিগ ও অন্যান্য আনুষঙ্গিক যন্ত্রপাতি ভাড়া গ্রহণের দিন হতে ফেরত প্রদানের দিন পর্যন্ত সমস্ত জ্বালানি খরচ এবং অন্যান্য সকল আনুষঙ্গিক খরচ (লোডিং ও আনলোডিং সহ) ভাড়া নেয়া প্রতিষ্ঠান/ঠিকাদার কর্তৃক বহন করতে হবে।

১৪। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যান্ত্রিক ও বৈদ্যুতিক বিভাগ হতে ভাড়া নেয়া ড্রিলিং রিগ ও অন্যান্য আনুষঙ্গিক যন্ত্রপাতি ভাড়া থাকাকালীন সময়ে তাৎক্ষণিক রক্ষণাবেক্ষণ (যেমন সার্ভিসিং, মবিল পরিবর্তন, লুব্রিকেন্ট পরিবর্তন ইত্যাদি) ও মেরামতের ব্যয়ভার ভাড়া নেয়া প্রতিষ্ঠান/ঠিকাদার বহন করবেন।

১৫। ড্রিলিং রিগ ও অন্যান্য আনুষঙ্গিক যন্ত্রপাতি ভাড়া চলাকালীন সময় যদি বিকল হয়ে পড়ে অথবা বড় ধরনের কোন মেরামতের প্রয়োজন হয়, সেক্ষেত্রে রিগ মেশিন তাৎক্ষণিকভাবে জমা প্রদান করতে হবে এবং দপ্তরীয় সিদ্ধান্ত অনুযায়ী মেরামতের ব্যবস্থা নিতে হবে।

১৬। ভাড়া গ্রহনকারী প্রতিষ্ঠান/ঠিকাদার কর্তৃক ড্রিলিং রিগের ব্যবহারের সাথে সংশ্লিষ্ট দপ্তরীয় কর্মকর্তা, চালক ও চালকের সহকারীর সাইটে থাকার ব্যবস্থা ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

১৭। রিগ ও আনুষঙ্গিক যন্ত্রপাতির ক্ষতি এড়ানো এবং কার্যস্থানে সহজে চলাচল করার জন্য রাস্তাঘাট মেরামতের প্রয়োজন হলে রিগ ভাড়া নেয়া ঠিকাদার/প্রতিষ্ঠান কর্তৃক রাস্তা উপযোগী/মেরামত করার ব্যবস্থা নিতে হবে।

১৮। ঠিকাদার কর্তৃক রিগ ভাড়া গ্রহনের পর সাইটে কাজ চলাকালীণ সময়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর নাম সম্বলিত সাইন বোর্ড এবং সতর্কতা বিজ্ঞপ্তি সংক্রান্ত সাইনবোর্ড থাকতে হবে।

১৯। রিগ ও কম্প্রেসার মেশিন ভাড়া প্রদানের ক্ষেত্রে একের অধিক প্রতিষ্ঠান/ঠিকাদার ভাড়া গ্রহণে ইচ্ছুক হলে লটারী করে প্রথমে বিজয়ী প্রতিষ্ঠান/ঠিকাদার এর সাথে রিগ ও কম্প্রেশার মেশিনের ভাড়ার চুক্তি সম্পন্ন করা হবে।

২০। ভাড়া গ্রহনকারী প্রতিষ্ঠান/ঠিকাদার-এর সাথে সম্পাদিত চুক্তি পত্রে ড্রিলিং ভাড়ার নীতিমালায় বর্ণিত সংশ্লিষ্ট শর্ত/বিষয় সমূহ অন্তর্ভূক্ত করা হবে।

২১। রিগ ভাড়া প্রদান সংক্রান্ত অন্যান্য বিষয়ে ভাড়া প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(সুধীর কুমার ঘোষ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
গ্রাউন্ড ওয়াটার সার্কেল, ঢাকা

এ.কে.এম ইব্রাহিম
প্রকল্প পরিচালক
বাংলাদেশ রুরাল ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন প্রজেক্ট
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

(শহীদ ইকবাল)
প্রকল্প পরিচালক
বিশেষ গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প
জনস্বাস্থ্য প্রকৌশল অধি...

মোঃ মনিরুজ্জামান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ভাণ্ডার সার্কেল, ঢাকা।

(তুষার মোহন সাধু খাঁ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
পরিকল্পনা সার্কেল, ঢাকা।

(Monwar Ali)
Additional Chief Engineer (Works)
Department of Public Health Engineering
Govt. of Bangladesh, Dhaka.

খালেদা ...
প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা